

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা।
www.dnc.gov.bd

নথি নং-৫৮.০২.০০০০.০০৮.১৮.০০৪.১৮-৬৫৭


তারিখ ৩০ ভাদ্র, ১৪২৮
২৪ সেপ্টেম্বর, ২০২১

বিষয়ঃ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এর সার্বিক নিরাপত্তা ও মানউন্নয়নের স্বার্থে কেন্দ্রসমূহে সিসি ক্যামেরা স্থাপন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসংগে।

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় খুলনা এর পত্র সংখ্যা-২৮৬, তারিখ-২২/৮/২০২১, ঢাকা এর পত্র সংখ্যা-৭৭৯, তারিখ-১৮/৮/২০২১, চট্টগ্রাম এর পত্র সংখ্যা-৬২৫, তারিখ-১৮/৮/২০২১, রংপুর এর পত্র সংখ্যা-৩৮০, তারিখ-৮/৮/২০২১, রাজশাহী এর পত্র সংখ্যা-২৬৯, তারিখ-২৬/৮/২০২১, সিলেট এর পত্র সংখ্যা-৫২৯, তারিখ-২৯/৭/২০২১, ময়মনসিংহ এর পত্র সংখ্যা-২৭০, তারিখ-১৯/৮/২০২১, বরিশাল এর পত্র সংখ্যা-১৭৬, তারিখ-২৯/৭/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান নিরাময় কেন্দ্রসমূহের সঠিক নিরাপত্তা, অধিদপ্তরের সাথে জুম প্লাট ফরমে সার্বিক যোগাযোগসহ সু-চিকিৎসা নিশ্চিতকরণ, নিরাময় কেন্দ্রসমূহকে অনুদানের আওতায় আনয়নসহ সার্বিক মানউন্নয়নের লক্ষ্যে আপনার নিয়ন্ত্রণাধীন কেন্দ্রসমূহকে নিম্নরূপ সিদ্ধান্ত বাস্তবায়ন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

- আপনার নিয়ন্ত্রণাধীন বন্ধ নিরাময় কেন্দ্রসমূহ বিধিমোতাবেক চূড়ান্তভাবে বন্ধের সুপারিশ করে অত্র কার্যালয়ে প্রেরণ।
- যেসব নিরাময় কেন্দ্রে সিসি টিভি ক্যামেরা নেই সেসব নিরাময় কেন্দ্রে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা।
- যেসব নিরাময় কেন্দ্রে সিসি টিভি ক্যামেরা রয়েছে সেগুলোকে ইন্টারনেটভিত্তিক করে প্রাথমিকভাবে জেলা কার্যালয় থেকে মনিটরিং করা।
- যেসব জেলায় বর্তমানে ১০ (দশ) এর অধিক নিরাময় কেন্দ্র রয়েছে সেসব জেলায় নতুন করে নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার আবেদন করলে সে প্রতিষ্ঠানে অবশ্যই সিসি টিভি ক্যামেরা থাকার বিষয়টি নিশ্চিত করতঃ আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা।
- যেসব জেলায় নিরাময় কেন্দ্র নেই সে সব জেলায় নিরাময় কেন্দ্র স্থাপনের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।



(মু. নুরুজ্জামান শরীফ এনভিসি)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)

অতিরিক্ত দায়িত্ব

মহাপরিচালকের পক্ষে

ফোন: ০২-৪৮৩২২১৯৬

E-mail: dirtr@dnc.gov.bd



অতিরিক্ত পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/
রাজশাহী/ খুলনা/বরিশাল / সিলেট /রংপুর /ময়মনসিংহ।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

✓ সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

২। উপ-পরিচালক/ সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রো/ জেলা কার্যালয়-----সকল
(বিষয়টি নিশ্চিত করবেন)।

৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি/ মাষ্টার কপি।